

সাক্ষাৎকার সংক্রান্ত নোটিশ

তারিখঃ ২১/১২/২০২১

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তির আবেদনের প্রাথমিক ফলাফল প্রকাশ করা হলো। মেধাক্রম অনুসারে A-ইউনিটের ৭২০ জন, B-ইউনিটের ১৮০ জন ও C-ইউনিটের ১৮০ জন আবেদনকারীকে সাক্ষাৎকারের জন্য নির্বাচন করা হয়েছে। মেধাক্রম প্রস্তুতের ক্ষেত্রে GST-ভর্তি পরীক্ষার ফলাফল ব্যবহৃত হয়েছে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর সমান হলে –

A-ইউনিটের ক্ষেত্রে পদার্থবিদ্যা এবং রসায়ন; B-ইউনিটের ক্ষেত্রে বাংলা এবং ইংরেজি; C-ইউনিটের ক্ষেত্রে হিসাব বিজ্ঞান এবং ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম প্রস্তুত করা হয়েছে।

প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের আগামী ২৯/১২/২০২১ তারিখ সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় (মেলান্দহ, জামালপুর)-এর একাডেমিক ভবনে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারে অবশ্যই উপস্থিত হতে হবে। নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ প্রার্থী নিজে সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে।

- (ক) ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত মূল প্রবেশপত্র।
- (খ) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান-এর মূল সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) ও নম্বরপত্র।
- (গ) এইচ.এস.সি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।

অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি থাকার কারণে মূল কাগজপত্র সংগে আনতে না পারলে উল্লেখিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপিসহ সেই প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণাদি (ভর্তি ফি জমার মূল রশিদ, মূল ভর্তি ফরম ইত্যাদি) উপস্থাপন করতে হবে। তবে ভর্তির জন্য নির্বাচিত হলে মূল কাগজপত্র জমা দেওয়া ব্যতীত ভর্তি সম্পন্ন হবে না।

বিশেষ দ্রষ্টব্যঃ

সাক্ষাৎকারে উপস্থিত না হলে ভর্তির জন্য বিবেচিত হবে না।

বিভিন্ন কোটায় আবেদনকারীদের ভর্তির বিষয়ে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

ভর্তির জন্য নির্ধারিত আসন শূণ্য থাকা সাপেক্ষে পরবর্তী মেধাক্রম অনুসারে প্রার্থী নির্বাচন করা হবে।

রেজিস্ট্রার

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
মেলান্দহ, জামালপুর।